COVID-19 চিকিৎসাসমূহ এখন উপলব্ধ

COVID-19 চিকিৎসাসমূহ আপনার শরীরে উপস্থিত ভাইরাসের সংখ্যা কম করতে পারে, উপসর্গ হ্রাস করতে পারে এবং আপনাকে হাসপাতালে যাওয়া এড়াতে সাহায্য করতে পারে। অসুস্থ হওয়ার পরে দ্রুত চিকিৎসা শুরু করার ফল সব চেয়ে ভালো হয়, তাই অবিলম্বে পরীক্ষা করানো গুরুত্বপূর্ণ যদি আপনার উপসর্গ থাকে।

যদি আপনার COVID-19 এর উপসর্গগুলি দেখা দেয় বা ফলাফল পজিটিভ হয়, তাহলে চিকিৎসা সম্পর্কে জিজ্ঞাসার জন্য এখুনি আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে অথবা 212-268-4319 নম্বরে ফোন করুন।

কী ধরনের চিকিৎসা উপলব্ধ?

সবচেয়ে ব্যবহৃত চিকিৎসা পদ্ধতি হচ্ছে মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল বড়ি (পাঁচ দিন ধরে নেওয়া বড়ি)। 12 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তিগণ যাদের গত পাঁচ দিনের মধ্যে উপসর্গ শুরু হয়েছে তারা মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল চিকিৎসা নিতে পারেন, যদি উপযুক্ত হন।

12 বছর বা তার চেয়ে কমবয়সীরা যারা মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল নিতে পারবে না তারা অন্যান্য ধরনের চিকিৎসা নিতে পারবে।

চিকিৎসা পাওয়ার উপযুক্ত কারা?

যারা COVID-19 এর পরীক্ষায় পজিটিভ ফল পেয়েছে (যে কোনো ধরনের পরীক্ষা ব্যবহার করে) এবং উপসর্গে ভুগছে তারা চিকিৎসার উপযুক্ত হবে।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে চিকিৎসার কথা জিজ্ঞেস করুন, বিশেষ করে যদি আপনার:

- বয়স 50 বছর এবং তার বেশি হয়
- কোনো অন্তর্নিহিত স্বাস্থ্যগত অবস্থা থাকে, যেমন স্থূলতা, ডায়াবেটিস, হৃদরোগ, ফুসফুসের সমস্যা, কিডনির রোগ, দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতা, অথবা গর্ভবতী হওয়া
- COVID-19 এর বিরুদ্ধে টিকাপ্রাপ্ত **না** হয়ে থাকেন

আপনি যদি কোনো ওষুধ নেওয়া অবস্থায় থাকেন তাহলে আপনার সেবা প্রদানকারীকে জানান, যেহেতু এটি আপনি কোন ধরনের চিকিৎসা পাবেন তাকে প্রভাবিত করতে পারে।

আমি কীভাবে চিকিৎসা পাব?

আপনি উপযুক্ত হলে আপনার সেবা প্রদানকারী আপনাকে মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল চিকিৎসা দিতে পারেন বা অন্যান্য চিকিৎসা পদ্ধতি খুঁজে নিতে সাহায্য করতে পারেন। সেই সাথে আপনি:

- **expresscare.nyc** এ বা 631-397-2273 নম্বরে New York City Health + Hospitals Virtual ExpressCare-এর সাথে যোগাযোগ করতে পারেন।
- **treatments.hhs.gov** ঠিকানায় গিয়ে একটি ফেডারেল Test to Treat (টেস্ট টু ট্রিট) কেন্দ্র খুঁজে নিতে পারেন।

চিকিৎসায় কত খরচ হয়?

আপনার যদি Medicare বা নিউ ইয়র্ক স্টেট Medicaid থাকে তাহলে মুখে খাওয়ার অ্যান্টিভাইরালের জন্য বর্তমানে কোনো খরচ নেই। বেশিরভাগ বেসরকারী স্বাস্থ্য বিমা পরিকল্পনা মুখে খাওয়ার অ্যান্টিভাইরাল কভার করে, তবে আপনাকে কোপেমেন্ট বা অন্যান্য ফি দিতে হতে পারে।

আপনার যদি বিমা না থাকে, মুখে খাওয়ার অ্যান্টিভাইরালের জন্য স্বাস্থ্য বিমা না থাকে বা কোমেপেন্ট দিতে হয়, তাহলে রোগী সহায়তা প্রকল্পসমূহ আপনার খরচ কমাতে বা শূন্যে নামিয়ে আনতে পারে। বিভিন্ন মুখে খাওয়ার অ্যান্টিভাইরালের জন্য রোগী সহায়তা প্রকল্পসমূহ সম্পর্কে জানতে, ভিজিট করুন:

- **paxlovid.com/paxcess** প্যাক্সলোভিড (Paxlovid)
- **merckhelps.com/lagevrio** লেজভ্রিয়ো (Lagevrio)

যে কোনো রকমের খরচ-শেয়ারিং এবং আপনার একটি রোগী সহায়তা প্রকল্পে নিবন্ধন করা উচিত কিনা সে সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী, ফার্মেসি এবং স্বাস্থ্য বিমা প্ল্যানের সাথে কথা বলুন।

টিকা দেওয়া হচ্ছে আপনার নিজেকে, পরিবারকে ও আপনার সম্প্রদায়কে COVID-19 থেকে বাঁচানোর সেরা উপায়। একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে, **nyc.gov/vaccinefinder** ভিজিট করুন অথবা 212-268-4319 নম্বরে ফোন করুন।

পরিস্থিতি অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

4.2.24 Bengali

NYC Health